

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ১৮৯৩

২৪/ পানপাত্র ও পানীয় (كتاب الأشربة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১৯. ডান পাশের মানুষেরা পান করার ক্ষেত্রে অগ্রাধিকার পাব

بَابٌ مَا جَاءَ أَنَّ الْأَيْمَنَ أَحَقُّ بِالشَّرَابِ

আরবী

حَدَّثَنَا الْأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنُ، حَدَّثَنَا مَالِكٌ، قَالَ وَحَدَّثَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنْ أَبْنِ شَهَابٍ، عَنْ أَنَسٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِلَبَنٍ قَدْ شَيَّبَ بِمَاِ وَعَنْ يَمِينِهِ أَعْرَابِيًّا وَعَنْ يَسَارِهِ أَبُو بَكْرٍ فَشَرَبَ ثُمَّ أَعْطَى الْأَعْرَابِيَّ وَقَالَ "الْأَيْمَنَ فَالْأَيْمَنَ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبْنِ عَبَّاسٍ وَسَهْلِ بْنِ سَعْدٍ وَابْنِ عُمَرَ وَعَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

বাংলা

১৮৯৩। আনাস (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, পানি মিশানো দুধ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে হায়ির করা হল। একজন বেদুইন লোক ছিল তার ডান পাশে এবং আবু বকর (রাঃ) ছিলেন বাম পাশে। তা তিনি প্রথমে নিজে পান করলেন, তারপর বেদুইনকে দিলেন এবং বললেনঃ প্রথমে ডান পাশের মানুষেরা পর্যায়ক্রমে অগ্রাধিকার পাবে।

সহীহ, ইবনু মা-জাহ (৩৪২৫), বুখারী ও মুসলিম

ইবনু আবাস, সাহল ইবনু সাদ, ইবনু উমার ও আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদিস বর্ণিত আছে। এ হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন।

English

Narrated Anas bin Malik:

"The Messenger of Allah (ﷺ) was brought some milk which was mixed with some water. On his right was a Bedouin and on his left was Abu Bakr. So he drank, then he gave it to the Bedouin and said: 'The right, then the right.'"

He said: There are narrations on this topic from Ibn 'Abbas, Sahl bin Sa'd, Ibn 'Umar, and 'Abdullah bin Busr.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হ্যাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=40642>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন